# TDP (Honours) 1st Semester Exam., 2019

## BENGALI

## ( Honours )

## FIRST PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

প্রতিটি একক থেকে দুটি করে নিয়ে মোট আটটি প্রশ্নের উত্তর দাও ।

### প্রথম একক

১। 'বৈষ্ণব পদাবলী'র চারজন বিশিষ্ট পদকর্তার নাম লেখো এবং তাঁদের মধ্যে যে কোনো একজনের কবিকৃতির সংক্ষিপ্ত আলোচনা করো। ২+৮=১০

২। যে কোনো দুজন চৈতন্য-জীবনীকারের পরিচয়সহ তাঁদের রচিত জীবনীগ্রন্থের পরিচয় দাও। ১০

৩। 'মঙ্গলকাব্য'-এর সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে চৈতন্যোত্তর 'মনসামঙ্গল' কাব্যধারার একজন কবির কাব্য সম্পর্কে আলোচনা করো। ৫+৫=১০

## দ্বিতীয় একক

৪। 'বৈষ্ণব পদাবলী'তে 'পূর্বরাগ' বলতে কী বোঝায়? তোমার পঠিত পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্ব বিচার করো। ৪+৬=১০

৫। 'বঁধু তুমি সে আমার প্রাণ' পদটির ভাবসৌন্দর্যের আলোচনা করে 'নিবেদন' পর্যায়ে কবি চণ্ডীদাসের কৃতিত্বের পরিচয় দাও। ৫+৫=১০

৬। 'এ সখি হামারি দুখের নাহি ওর' পদটিতে প্রকৃতির অনুষঙ্গে শ্রীরাধার মনের অবস্থাটি আলোচনা করে কবির কৃতিত্বের পরিচয় দাও। ১০

## তৃতীয় একক

৭। "মুকুন্দরাম 'চণ্ডীমঙ্গল' কাব্যে তাঁর 'আত্মপরিচয় ও গ্রন্থোৎপত্তির কারণ' অংশে যে বিবরণ দিয়েছেন তা মধ্যযুগের বাংলার সমাজজীবন ও রাজনৈতিক অবস্থার একটি মূল্যবান দলিল।" আলোচনা করো। ১০

৮। 'চণ্ডীকে ফুল্লরার প্রশ্ন' এবং 'চণ্ডীর প্রতি ফুল্লরার উপদেশ' অংশ দুটি অবলম্বনে ফুল্লরা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

৯। 'বণিকসহ কালকেতুর কথোপকথন' ও 'কালকেতুর অঙ্গুরী বিক্রয়' অংশ অবলম্বনে মুরারি শীল চরিত্রের পরিচয় দাও। ১০

## চতুর্থ একক

১০। শাক্তপদ রচনায় কবি রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করো। ১০

১১। 'আগমনী' ও 'বিজয়া' পর্যায়ের পাঠ্যপদ অবলম্বনে হিমালয় ও মেনকার গার্হস্থ্য জীবনের পরিচয় দাও। ১০

১২। তোমার পাঠ্য 'জগজ্জননীর রূপ' পর্যায়ের যে কোনো একটি পদের ভাববস্তু বিশ্লেষণ করো। ১০

★★★

# TDP (Honours) 3rd Semester Exam., 2019

## BENGALI

## ( Honours )

### THIRD PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

প্রতিটি **একক** থেকে **দুটি** করে নিয়ে মোট **আটটি** প্রশ্নের উত্তর দাও।

### প্রথম একক

১। 'কৃত্তিবাসী রামায়ণ'-এর আদিকাণ্ডে বর্ণিত রত্নাকর দস্যুর দুষ্কৃতিজনিত পাপ থেকে উদ্ধারের কাহিনিটি আলোচনা করো। ১০

২। 'কৃত্তিবাসী রামায়ণ'-এর আদিকাণ্ডে বর্ণিত দশরথ কর্তৃক সিন্ধু-বধের বিবরণ দাও। পরিণামে দশরথের অভিশাপ প্রাপ্তির পরিচয় দাও। ৫+৫=১০

৩। 'কৃত্তিবাসী রামায়ণ'-এর আদিকাণ্ডে বর্ণিত গুহকের পরিচয় দাও। তার সঙ্গে রামচন্দ্রের কোথায় সাক্ষাৎ হয়েছিল? রামচন্দ্র ও গুহকের মিত্রতার কাহিনিটি বর্ণনা করো। ৩+২+৫=১০

## দ্বিতীয় একক

৪। পত্রকাব্য কাকে বলে? 'বীরাঙ্গনা'কে একটি সার্থক পত্রকাব্য বলা যায় কিনা সে সম্পর্কে আলোকপাত করো। ৩+৭=১০

৫। " 'সোমের প্রতি তারা' পত্রটিতে মধুসূদন পৌরাণিক নারী চরিত্রগুলিকে নতুন যুগের নতুন চেতনার আলোকে গড়ে তুলেছেন।" তারা চরিত্রটি আলোচনার মধ্য দিয়ে উক্তিটির যথার্থতা বিচার করো। ১০

৬। 'লক্ষ্মণের প্রতি শূর্পণখা' পত্রটি অবলম্বনে শূর্পণখা চরিত্র-চিত্রণে মধুসূদন যে অভিনবত্ব দেখিয়েছেন তার পরিচয় দাও। ১০

## তৃতীয় একক

৭। বিহারীলাল চক্রবর্তীর 'সারদামঙ্গল' কাব্যটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

৮। 'সারদামঙ্গল' কাব্য কবির সৌন্দর্যলক্ষ্মীর ধ্যান।" উক্তিটির যথার্থতা বিচার করো। ১০

৯। 'সারদামঙ্গল'-এর চতুর্থ সর্গে কবি বিহারীলাল হিমালয়ের যে রূপ বর্ণনা দিয়েছেন তা নিজ ভাষায় পরিস্ফুট করো। ১০

## চতুর্থ একক

১০। ইতিহাস ও প্রকৃতিচেতনার সঙ্গে সুগভীর প্রেমচেতনার সংমিশ্রণে জীবনানন্দ দাশের 'বনলতা সেন' কবিতাটি যে অনবদ্য রোমান্টিক কাব্যরূপ ধারণ করেছে তা আলোচনা করো। ১০

১১। "তুমি আর উড়ে উড়ে কেঁদো
নাকো ধানসিড়ি নদীটির পাশে।"

উদ্ধৃতিটির আলোকে 'হায়চিল' কবিতাটির মর্মকথা বিশ্লেষণ করো। ১০

১২। "পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন।"

"পৃথিবীর গভীরতর অসুখ" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন এবং এর থেকে পৃথিবীর ক্রমমুক্তির যে পথ কবি নির্দেশ করেছেন তা 'সুচেতনা' কবিতা অবলম্বনে আলোচনা করো। ৫+৫=১০

★★★

# TDP (Honours) 5th Semester Exam., 2019

## BENGALI

## ( Honours )

### SIXTH PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

প্রতিটি একক থেকে দুটি করে নিয়ে মোট আটটি প্রশ্নের উত্তর দাও।

**প্রথম একক**

১। 'কপালকুণ্ডলা' উপন্যাসে নিয়তির যে অমোঘ ভূমিকা রয়েছে তা উপন্যাসের কাহিনি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

২। 'কপালকুণ্ডলা' উপন্যাসটিতে কাপালিক, অধিকারী ও শ্যামা রহস্যময়তা ও মানবিক উষ্ণতার সমন্বয় ঘটিয়েছে—আলোচনা করো। ১০

৩। " 'কপালকুণ্ডলা' গদ্যে লেখা এক অনুপম কাব্য।" উক্তিটির সমীচিনতা বিচার করো। ১০

## দ্বিতীয় একক

৪। 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

৫। ইন্দির ঠাকরুণ 'পথের পাঁচালী' উপন্যাসের 'বল্লালী বালাই' অংশের নায়িকা—আলোচনা করো। ১০

৬। "পল্লীপ্রকৃতি ও পল্লীজীবন—দুয়ে মিলে 'পথের পাঁচালী' উপন্যাস।" মন্তব্যটির যথার্থতা আলোচনা করো। ১০

## তৃতীয় একক

৭। "জমির প্রশ্নই মূল ছিল। তার সঙ্গে ছিল অরণ্যের বিষয়ে আদিবাসীদের তীব্র অধিকারবোধ।" 'অরণ্যের অধিকার' উপন্যাসের আলোকে মন্তব্যটির যথার্থতা আলোচনা করো। ১০

৮। 'অরণ্যের অধিকার' উপন্যাস অবলম্বনে বিরসা চরিত্রটি পরিস্ফুট করো। ১

৯। "২৩শে ডিসেম্বর ১৮৯৯ সাল—বিরসা মুণ্ডাদের জানিয়ে দিল, উলগুলানের দুটি অধ্যায়।" অধ্যায় দুটি কী ছিল? সেগুলি লিপিবদ্ধ করো। ২+৪+৪=১

## চতুর্থ একক

১০। 'পয়োমুখম্' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

১১। 'তেলেনাপোত আবিষ্কার' কবিত্বরসপূর্ণ রোমান্টিক ভাবমূলক গল্প —আলোচনা করো। ১০

১২। 'ফসিল' গল্পে বিভিন্ন শ্রেণীভুক্ত চরিত্র চিত্রণে গল্পকার সুবোধ ঘোষের নৈপুণ্য আলোচনা করো। ১০

★★★

# TDP (General) 1st Semester Exam., 2019

## BENGALI

## ( General )

## FIRST PAPER

*Full Marks* : 40

*Time* : 2 hours

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন*

### প্রথম একক

১। (ক) কবি বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। এই কাব্যে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্রের পরিচয় দাও। ৫+৫=১০

*অথবা*

(খ) বাংলা ভাষায় লিখিত চৈতন্য-জীবনীকাব্যগুলির মধ্যে উল্লেখযোগ্য দুজন কবির কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫=১০

## দ্বিতীয় একক

২। (ক) ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

অথবা

(খ) নজরুল ইসলামের কাব্যগ্রন্থগুলির নাম উল্লেখ করে কবির কাব্য-প্রতিভার পরিচয় দাও। ১০

## তৃতীয় একক

৩। (ক) ‘‘সব গৌরচন্দ্রিকাই গৌরাঙ্গ-বিষয়ক পদ কিন্তু সব গৌরাঙ্গ-বিষয়ক পদ গৌরচন্দ্রিকা নয়।’’ বিষয়টি ব্যাখ্যা করো। ‘নীরদ-নয়ন নীর-ঘন-সিঞ্চনে’ পদটির ভাবসৌন্দর্য সংক্ষিপ্ত আকারে বিশ্লেষণ করো। ৪+৬=১০

অথবা

(খ) ‘সখি হে হামারি দুখের নাহি ওর’—পদটির তাৎপর্য লেখো। পদটিতে বিদ্যাপতির কৃতিত্বের পরিচয় দাও। ৫+৫=১০

## চতুর্থ একক

৪। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গ অবলম্বনে সীতা চরিত্রটি পরিস্ফুট করো। ১০

অথবা

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গে বর্ণিত সীতা ও সরমার কথোপকথনের সংক্ষিপ্ত বর্ণনা দাও। ১০

★★★

# TDP (General) 3rd Semester Exam., 2019

## BENGALI

( General )

THIRD PAPER

*Full Marks* : 40

*Time* : 2 hours

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও*

**প্রথম একক**

১। (ক) ট্র্যাজেডি কাকে বলে? দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটিকে সার্থক ট্র্যাজেডি নাটক বলা যায় কিনা, আলোচনা করো। ২+৮=১০

অথবা

(খ) 'নীলদর্পণ' নাটকটিতে নবীনমাধব চরিত্রটি আলোচনা করো। ১০

★ ★ ★

## দ্বিতীয় একক

২। (ক) 'ডাকঘর' নাটকের নামকরণ কতদূর সার্থক হয়েছে বিচার করো। ১০

অথবা

(খ) 'ডাকঘর' নাটক অবলম্বনে অমল চরিত্রটি পরিস্ফুট করো। ১০

## তৃতীয় একক

৩। (ক) নববর্ষার অভিনব রূপ ও ভাব কীভাবে 'বর্ষামঙ্গল' কবিতার মধ্যে ফুটে উঠেছে তা নিজের ভাষায় বিশ্লেষণ করো। ১০

অথবা

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'মদনভস্মের পর' কবিতায় প্রেম-বিরহের যে অনন্ত রূপ প্রকাশিত হয়েছে সে বিষয়ে আলোকপাত করো। ১০

## চতুর্থ একক

৪। (ক) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে? 'রাজর্ষি' উপন্যাস যথার্থ ঐতিহাসিক উপন্যাস কিনা তা যুক্তিসহ বিচার করো। ১০

অথবা

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'রাজর্ষি' উপন্যাস অবলম্বনে গোবিন্দমাণিক্য চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

★★★

# TDP (General) 5th Semester Exam., 2019

## BENGALI

( General )

FIFTH PAPER

*Full Marks* : 40

*Time* : 2 hours

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও*

**প্রথম একক**

১। (ক) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি) : $২\frac{১}{২}\times২=৫$

যতি ; ছেদ; অতিপর্ব ; লয় ।

অথবা

স্বরবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো একটি) : ৫

(১) নাচায় পুতুল যথা দক্ষ বাজিকরে,
নাচাও তেমতি তুমি অর্বাচীন নরে।

(২) মুখে দেয় জল শুধায় কুশল শিরে দেয় মোর হাত।
দাঁড়ায়ে নিঝুম চোখে নাই ঘুম মুখে নাই তার ভাত॥

## দ্বিতীয় একক

২। (ক) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি) : $২\frac{১}{২}\times২=৫$

যমক; কাকু-বক্রোক্তি; উৎপ্রেক্ষা ; নিশ্চয়।

অথবা

উপমা অলংকার কাকে বলে? উদাহরণসহ মালোপমা অলংকারের পরিচয় দাও। ২+৩=৫

(খ) অলংকার নির্ণয় করো (যে কোনো একটি) : ৫

(১) না মানে শাসন, বসন বাসন অশন আসন যত।

(২) এমন মানব-জমিন রইলো পতিত
আবাদ করলে ফলতো সোনা।

## তৃতীয় একক

৩। (ক) 'সাম্যবাদী' কবিতাটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? এই কবিতায় কবি নজরুলের সাম্যবাদী চেতনার যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো। ২+৮=১০

অথবা

(খ) 'বাতায়ন পাশে গুবাক তরুর সারি' কবিতায় কবি নজরুলের মনোজগতের যে প্রতিফলন ঘটেছে তার পরিচয় দাও। ১০

## চতুর্থ একক

৪। (ক) ''তেলের শিশি ভাঙলো ব'লে''—কোন্ কবির, কোন্ কবিতার অংশ? কবিতাটিতে কবিমানসের যে স্বরূপ প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করো। ২+৮=১০

অথবা

(খ) 'উত্তরাধিকার' কবিতার বিষয়বস্তু আলোচনা করে এই কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। ৫+৫=১০

★★★